

প্রতিরক্ষা সচিবের জীবন বৃত্তান্ত

জনাব আখতার হোসেন ভূইয়া ৩১ ডিসেম্বর ১৯৫৯ খ্রিস্টাব্দে ঢাকার জেলার ধামরাই উপজেলাধীন বালিয়া গ্রামে জন্ম গ্রহণ করেন। তিনি ঢাকা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে এস এস সি (১৯৭৫), এইচ এস সি এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে সম্মানসহ ১৯৮২ সালে এম এস সি ডিগ্রী লাভ করেন।

তিনি ১৯৮৬ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (৬ষ্ঠ ব্যাচ) প্রশাসন ক্যাডারে সহকারী কমিশনার পদে যোগদান করেন। চাকরি জীবনে মাঠ প্রশাসনের বিভিন্ন অধিক্ষেত্রে ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি বিভিন্ন মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগে উপসচিব, পানি সম্পদ পরিকল্পনা সংস্থায় ইনস্টিটিউশনাল এক্সপার্ট, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য, উপানুষ্ঠানিক শিক্ষাব্যবস্থার মহাপরিচালক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক হিসাবে দায়িত্ব পালন করেন। বর্তমান নিয়োগের পূর্বে তিনি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হিসাবে দায়িত্ব পালন করেন।

জনাব আখতার হোসেন ভূইয়া বিভিন্ন পর্যায়ে সরকারি দায়িত্ব পালনকালে অনেক দেশ ভ্রমণ করেন এবং বিভিন্ন আন্তর্জাতিক সেমিনার, প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মজীবনের পাশাপাশি তিনি খেলাধুলা এবং সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের সাথেও সম্পৃক্ত। তিনি পারিবারিক জীবনে বিবাহিত এবং এক পুত্র সন্তানের জনক।